মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।
ফোন: ০২-৯৯৭৭১০৪৫০
E-mail:chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/২২৬

তারিখ : ০২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ / ১৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

বিষয়: এসএসসি ও এইচএসসি পরীক্ষা ২০২৭ -এর eTIF সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ- এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, এসএসসি ও এইচএসসি পরীক্ষা ২০২৭ -এর উত্তরপত্র মূল্যায়নের জন্য নির্ভুল ডাটাবেইজ করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের যেসকল শিক্ষক অবসর গ্রহণ করেছেন/মৃত্যু বরণ করেছেন/অন্যত্র বদলি হয়েছেন/স্বেচ্ছায় চাকুরি ছেড়ে দিয়েছেন/বোর্ড থেকে কালো তালিকাভুক্ত করা হয়েছে অথবা প্রতিষ্ঠানে খন্ডকালীন শিক্ষক হিসেবে কর্মরত আছেন তাদের নাম কর্তন করে eTIF সংশোধন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। eTIF সংশোধন না করার কারণে উত্তরপত্র মূল্যায়নে প্রধান পরীক্ষক/পরীক্ষক নিয়োগে জটিল পরিস্থিতির সৃষ্টি হয়। উল্লেখ্য যে, বোর্ড থেকে eTIF সংশোধন করার কোনো সুযোগ নাই।

২। যেসকল শিক্ষক এখন পর্যন্ত eTIF ভুক্ত হননি তাদের তথ্য জরুরি ভিত্তিতে eTIF- এ অন্তর্ভুক্ত করতে হবে।

৩। এমতাবস্থায়, eTIF সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/০৯/২০২৬

প্রফেসর মো: শাহাদত উল্লাহ
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ
ফোন:০২-৯৯৭৭১০৪৪২
E-mail:conbisemym@gmail.com

প্রাপক:
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ- এর আওতাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ;
১। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ;
২। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ;
৩। পি.এ. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ;
৪। অফিস কপি।

CamScanner